সংবাদ

তারিখ ... 3 FEB 2013
পৃষ্ঠা ... ১ ... কলাম ... ৫

এসএসসি ও সমমানের পরীক্ষা আজ শুরু

● পরীক্ষার্থী ১৩ লাখ ৩ হাজার ২০৩

নিজস্ব বার্তা পরিবেশক

এসএসসি ও সমমানের পরীক্ষা শুরু হচ্ছে আজ। দেশের আটটি সাধারণ বোর্ড, মাদ্রাসা ও কারিগরি শিক্ষা বোর্ডের অধীনে এবার ১৩ লাখ তিন হাজার ২০৩ জন শিক্ষার্থী এ পরীক্ষায় অংশ নিচ্ছে। গত বছর এই সংখ্যা ছিল ১৪ লাখ ২০ হাজার ৫৭ হাজার জন। গত বছরের চেয়ে (২০১৩) এবার এই পরীক্ষায় শিক্ষার্থী কমেছে এক লাখ ১৬ হাজার ৮৫৪ জন। প্রথম দিন আবশ্যক বাংলা প্রথম পত্রের পরীক্ষা অনুষ্ঠিত হবে। পরীক্ষা চলবে সকাল ১০টা থেকে দুপুর ১টা পর্যন্ত। প্রসঙ্গত, ২০১০ সালে যারা প্রথম জেএসসি/জেডিসি পরীক্ষায় উত্তীর্ণ হয়েছিল, তারাই এবার এসএসসি ও সমমানের পরীক্ষা দেবে।

এবার এসএসসিতে তত্ত্বীয় পরীক্ষা চলবে ৫ মার্চ পর্যন্ত। ব্যবহারিক পরীক্ষা হবে ৬ থেকে ১২ মার্চ পর্যন্ত। শিক্ষামন্ত্রী নুরুল ইসলাম নাহিদ বলেছেন, 'আশা করছি শান্তিপূর্ণ, সুষ্ঠু ও স্বাভাবিক পরিবেশে পরীক্ষা হবে।' তিনি আজ সকাল ১০টায় রাজধানীর আজিমপুর শেষ : পৃষ্ঠা : ১৫ ক : ৬

শুরু : পরীক্ষা

(১৫ পৃষ্ঠার পর)

বরগুনি পাবনা ভুল মানব সালয় কেন্দ্র পরিবর্তন করেছেন। এ বছর এসএসসি সহিত ১ কারিগরি ১৩ লাখ তিন হাজার ২০৩ জন পরীক্ষার্থীর মধ্যে ছয় লাখ ৬৭ হাজার ১৬৬ জন ছাত্র এবং ছয় লাখ ৩৪ হাজার ৯৩৫ জন ছাত্রী। এসএসসি আটটি সাধারণ বোর্ডের অধীনে এসএসসিতে ১ লাখ ৮৯ হাজার ৮১৭ পরীক্ষার্থীর মধ্যে চার লাখ ৬৮ হাজার ৪৮২ জন ছাত্র এবং পাঁচ লাখ ৩০ হাজার ৩৩৫ জন ছাত্রী। আর মাদ্রাসার দাখিলে দুই লাখ ১৫ হাজার ১৬ পরীক্ষার্থীর মধ্যে এক লাখ ১৫ হাজার ৬৬২ জন ছাত্র ও এক লাখ ৯ হাজার ৩৬৪ জন ছাত্রী। এছাড়া কারিগরি বোর্ডের অধীনে ৫৪ হাজার ১২৪ জন ছাত্র এবং ১৪ হাজার ২৩২ জন ছাত্রী মিলিয়ে মোট ৬৮ হাজার ৩৫৬ জন শিক্ষার্থী এবার এসএসসি পরীক্ষা দিচ্ছে। এবার ১৭ হাজার ৫৩টি প্রতিষ্ঠানের শিক্ষার্থীরা এ পরীক্ষায় অংশ নিচ্ছে। গত বছর ২৬ হাজার ৮৫৫টি প্রতিষ্ঠান এই পরীক্ষায় অংশ নিয়েছিল। এবার এসএসসিতে শিক্ষা প্রতিষ্ঠানের সংখ্যা ২১৮টি বেড়েছে। মোট পরীক্ষার্থী কমলেও এবার কেন্দ্র বেড়েছে ২৯৪টি। এবার মোট দুই হাজার ৭৫৮টি কেন্দ্রে পরীক্ষা হবে। গত বছর দুই হাজার ৪৬৪টি কেন্দ্রে এসএসসি ও সমমানের পরীক্ষা অনুষ্ঠিত হয়। এছাড়া দেশের বাইরে ঢাকা, রিয়াদ, ত্রিপলি, দোহা, আবুধাবি, দুবাই ও বাহরাইন কেন্দ্রে মোট ২৯৩ জন শিক্ষার্থী পরীক্ষায় অংশ নেবে। বাংলা দ্বিতীয় পত্র, ইংরেজি প্রথম ও দ্বিতীয় পত্র, গণিত ও উচ্চতর গণিত ছাড়া এবার সব বিষয়ের পরীক্ষা হবে নৈর্ব্যক্তিক প্রশ্নে। বাড়ি প্রতিবন্ধী, সেরিব্রাল পালসিজনিত প্রতিবন্ধী এবং হাত নেই- এমন পরীক্ষার্থীরা প্রতি লেখার সঙ্গে নিয়ে পরীক্ষা দিতে পারবে। তাদের জন্য অতিরিক্ত ২০ মিনিট সময় দেয়া হবে। ঢাকা শিক্ষা বোর্ডের ওয়েবসাইটে (www.dhakaeducationboard.gov.bd) পরীক্ষার সময়সূচি পাওয়া যাবে।